

দেশ রূপান্তর

মঙ্গলবার, ৭ জুন, ২০২২

করোনাকালে ঢাকায় দারিদ্র্য বেড়েছে ৬ শতাংশ : বিআইডিএস

নিজস্ব প্রতিবেদক

গত ৫০ বছরে দেশে কর্মসংস্থানের ধরন ও কাঠামো বদলেছে। আংশিক বেকারত্বের হার ১৯৭২ সালে ৩০ থেকে ৪০ শতাংশ ছিল, এখন তা নেমেছে ১০ শতাংশে। অবকাঠামোগত উন্নয়ন বাড়লেও কর্মসংস্থান বৃদ্ধির হার শূন্য হয়েছে। করোনার আগে রাজধানীতে দারিদ্র্যের হার ছিল ৯.৫২ শতাংশ। এখন আড়াই বছরের মাথায় তা হয়েছে ১৬.৮২ শতাংশ। একই সময়ে নগরে দারিদ্র্য বেড়েছে ৬ দশমিক ০৮ শতাংশ। গতকাল রাজধানীর আগারগাঁওয়ের বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) আয়োজিত বাংলাদেশ অর্থনৈতিক উন্নয়নের গতিধারা বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এসব তথ্য দেন প্রতিষ্ঠানটির মহাপরিচালক বিনায়ক সেন।

বিআইডিএস মূলত ঢাকা শহরের ১৮১১ জনের ওপর জরিপ চালিয়ে এই তথ্যউপাত্ত দিয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান।

বিনায়ক সেন বলেন, আমাদের তথ্যউপাত্ত অনুযায়ী দেশে প্রথম লকডাউনের সময় দারিদ্র্যের হার ছিল ৪২ শতাংশ। তারপর যখন ডেলটা ভাইরাসের প্রকোপ শুরু হয় তখন এই হার নেমে আসে ৩৬ শতাংশে। ওমিক্রনের সময় সেটা কমে দাঁড়ায় ২১ শতাংশে আর এখন সেটা কমে দাঁড়িয়েছে ১৬.৮২ শতাংশে। তিনি আরও বলেন, আগের থেকে এই শতাংশ কমছে আস্তে আস্তে। এই পরিসংখ্যান বলে দেয় আমাদের হয়তো কিছুটা দারিদ্র্য বেড়েছে। তবে যতটা ভাবা হয় ঠিক ততটা নয়।